भारतीय गैर न्यायिक

Rs 20000 रु

बीस हज़ार रुपये

RUPEES 20000 रुपये

INDIA NON JUDICIAL

01CC 634014

Admissible under Regn. Rule 21 duly stamped under the Indian Stamp Act-1899 as ammended by Act-[illegible] section 92 (3) of the Calcutta Improvement Act [illegible] schedule
1A........ 23 ........
Stamp duly paid under the Indian Stamp Act, -1899 of Amended in 1964 Rs........
Additional duty paid under the Calcutta Improvement Act-1911 Rs........P........
Total Rs........

Dist. Sub-Registrar III
Alipore. South 24-Parganas
20/7/01

U/S 0 (8) of the W. B. prevention of under Valuation of [illegible] Rule 1994
Market Value [illegible] Rs ... 148-480
Deficit Stamp Duty of Rs ........ 10395

Dist. Sub-Registrar III
Alipore. South 24-Parganas
6-8-01

S.B.D. No. 10395/-
D.D. No. ........ DATE ........
054992 17.7.01

:: সাফ বিক্রয় কোবালা দলিল ::-

মূল্য :- ৩,০০,০০০.০০ তিন লক্ষ টাকা মাত্র।

---

কোবালা গ্রহিতা :- শ্রী দেব প্রসাদ মজুমদার, পিতা শ্রীখগেন্দ্র নাথ মজুমদার
জাতি হিন্দু, পেশা- ব্যবসা,
সাকিন- ১৫।৩, গড়ফা শীতলা মন্দির রোড, পোঃ-
সন্তোষপুর, থানা কসবা, কলিকাতা - ৭০০০৭৫।

---

A. 3289
E. 7
H. 28
M(b) 4
3328/-

1000 Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

( ২ )

অজিত কুমার নস্কর
মানিক চন্দ্র নস্কর

কোবালা দাতাদ্বয় : -১) শ্রী অজিত কুমার নস্কর ,২) শ্রী মানিক চন্দ্র নস্কর
উভয়েরপিতা মৃত জীবন কৃষ্ণ নস্কর, জাতি - হিন্দু
পেশা- ১নং চাকুরী, ২নং ব্যবসা, সাকিন ১৭।এ,গড়ফা
শীতলা মন্দির রোড, থানা- কসবা, কলিকাতা- ৭৫।

---

কস্য হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের তপশীলে বর্ণিত কমবেশ ১ কাঠা ৮ছটাক ৫ বর্গফুট বাস্তু জমি যায় তদুপরিস্থিত ১৫০ বর্গফুট পরিমিত গৃহাদী সহ সম্পত্তি যায় সংলগ্ন কমন প্যাসেজ এবং সি,এম,সি রাস্তার সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পূর্ন নির্দায়,নির্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

---

সম্পত্তি নিজদিগের খাস দখলে রাখিয়া ভোগ দখল করিয়া আসিতেছি।

Scanned with OKEN Scanner

दस रुपये

भारत INDIA

১০ রু. 10 RS

TEN RUPEES



জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা সদর টালিগঞ্জ হাল কসবা, সাব রেজেষ্ট্রীসাবেক আলিপুর হাল শিয়ালদহ, অত্রজেলা কালেক্টারির অন্তর্গত ১০- ১৩ নং তৌজিভুক্ত পরগণা- খাসপুর, বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১০৪ নং ওয়ার্ড ভুক্ত ৭৮ নং গড়ফা শীতলা মন্দির রোড প্রেমিসেস ভুক্ত এবং পোষ্টাল ঠিকানা ১৭/এ, গড়ফা শীতলা মন্দির রোড, কলিকাতা ৭৫ ভুক্ত জে :এল: নং ১৯ ,রে :সা: নং ২, মৌজা- গড়ফা গ্রামে অবস্থিত হাল রিভিসন্যাল জরিপের ৩৫ এবং ১২৬৬ নং খতিয়ানের ৭৫১ নংদাগের কমবেশ ১ কাঠা ৮ ছটাক ৫ বর্গফুট বাস্ত জমি যায় তদুপরিস্থিত১০'' ইটের দেওয়াল ও টিনের ছাউনী বিশিষ্ট ১৫০ বর্গফুট পরিমিত গৃহাদী সহ সম্পত্তি অত্রদলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে ।

সম্পত্তি নিজদিগের খাস দখলে রাখিয়া ভোগ দখল করিয়া আসিতেছি।

Scanned with OKEN Scanner

উক্ত সম্পত্তি সহ অন্যান্য জমি জমা জনৈকা শ্রীমতী সোনাপ মনি দাসী, স্বামী সুদাম চন্দ্র নস্কর মহাশয়ের প্রাপ্ত খাস দখলিয় সম্পত্তি থাকে। তিনি ইংরাজী ১০।১০।১৯৭২ তারিখে পরলোক গমন করিলে পরতাহারদুই পুত্র রতিকান্ত নস্কর ও জীবন কৃষ্ণ নস্কর তাহার ত্যাক্ত সমুদয় সম্পত্তি প্রাপ্ত হইয়া ভোগ দখল করিবার সুবিধার্থে আপোষে বিভাগ বন্টন করিয়া লয়েন ।

এমতপ্রকারে উক্ত জীবন কৃষ্ণ নস্কর তাহার নিজাংশে সমুদয় সম্পত্তি প্রাপ্ত হইয়া ভোগ দখল করিতে থাকাবস্থায় তিনি ইংরাজী ১৭।৪।৮০ তারিখে দুই পুত্র (অত্র কোবালা দাতা ) দুই কন্যা এবং স্ত্রীকে কেবলমাত্র ওয়ারিশান বিদ্যমান রাখিয়া তিনি পরলোক গমন করিলে পর তাহার উক্ত পুত্র, কন্যা ,স্ত্রী তাহার ত্যাক্ত সম্পত্তি প্রাপ্ত হইয়া ভোগ দখল করিতে থাকাকালিন বিগত ইংরাজী ৫।১১।৯২ তারিখে মোকাম আলিপুর ডি : রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত ১নং বহির ১৬৭৮২ নং একক্তো দানপত্র দলিল মূলে আমরা অত্র কোবালা দাতাদ্বয় আমাদিগকে আমাদের দুই ভগ্নি ও মাতা, তাহাদের ৩/৫ অংশের অবিভক্ত সম্পত্তি কমবেশ ৩ কাঠা ১৪ ছটাক ৩৫ বর্গফুট জমি ও গৃহাদী সহ দান করিয়া নিঃস্বত্ব হয়েন ।

এমতপ্রকারে আমরা অত্র কোবালা দাতাদ্বয় ওয়ারিশ সূত্রে ও দানসূত্রে একত্রে ষোল আনা ৪ কাঠা ২ ছটাক ২১ বর্গফুট বাস্ত জমি মায় তদুপরিস্থিত স্ট্রাকচারাদি সহ সম্পত্তি প্রাপ্ত হইয়া কলিকাতা কর্পোরেশানে নাম পত্তন করতঃ ধার্য্য করাদি আদায়ে ভোগ দখল করিতেথাকাবস্থায় অধিকাংশ সম্পত্তি হস্তান্তর করা বাদে তপশীলেবর্ণিত সম্পত্তি নিজদিগের খাস দখলে রাখিয়া ভোগ দখল করিয়া আসিতেছি।

বর্তমানে কলিকাতা কর্পোরেশনের ১০৪ নং ওয়ার্ড ভুক্ত ৭৮ নং গড়া শীতলা মন্দির রোড প্রেমিসেস ভুক্ত ও ৩১- ১০৪- ১৯- ০০৭৮- ০ এ্যাসেসী ভুক্ত হইয়াছে ।

ক্ষণে আমাদের কন্যার বিবাহের জন্য ও নানাবিধ বৈধ কারনে নগদার্থের আবশ্যকে আমাদের প্রাপ্ত খাস দখলিয় হস্তান্তরঅবশিষ্ট কমবেশ ১ কাঠা ৮ ছটাক ৫' বর্গফুট বাস্তু জমি মায় গৃহ সহ বিক্রয়ের ঘোষণা করিলে, আপনি অত্র গ্রহিতা তাহা অবগত হইয়া উহার বর্তমান বাজারোচিত মূল্য মং ৩,০০,০০০.০০ তিন লক্ষ টাকায় খরিদ করিবার প্রস্তাব করিলে, আমরা তাহাতে সম্মত হইয়া আপনার নিকট হইতে মূল্যেরসমুদয় টাকা নিম্ন জায়মত গ্রহন করিয়া আপনার নামবরাবর কোবালা দলিল সহি সম্পাদন করতঃ স্বীকার অঙ্গিকার করিতেছি যে :-

অত্র নিম্ন তপশীলে বর্ণিত বিক্রীত সম্পত্তিতে আপনি অদ্য হইতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিকদখলিকার হইয়া হাল মালিক সরকারেও কলিকাতা কর্পোরেশনে নিজ নাম পত্তন করতঃ ধার্য্য করাদি আদায়ে উহা দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা সর্ববিধ হস্তান্তর, রূপান্তর করনের ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি ওয়ারিশানগনক্রমে পরম সুখে যদৃচ্ছা সহকারে ভোগ দখল করিতেথাকুন ও থাকিবেন, তাহাতে আমরা মায় আমাদের ওয়ারিশানগনের কাহারও কোন ওজর আপত্তি রহিল না বা ভবিষ্যতে কেহ করিলেও তাহা অত্রদলিলবলে সর্বত্র, সর্বাদালতে বাতিল ও নামঞ্জুর গণ্য হইবে ।

অত্র নিম্ন তপশীলেবর্ণিত বিক্রীত সম্পত্তি আমরা ইতিপূর্বে অপর কাহারও নিকট দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা হস্তান্তরাদি করি নাই বা উহাতে অপর কোন শরিক

অংশীদার নাই বা উহা কাহারও জামিনে বা মর্টগেজে আবদ্ধ নহে, উহা মামলা মোকদ্দমা ভুক্ত নহে, উহা দেবোত্তর বা পীরোত্তর সম্পত্তির অন্তর্গত নহে, উহা সরকার কর্তৃক রিকুইজিশান হয় নাই, উহা ভেস্টেড সম্পত্তির অন্তর্গত নহে, সম্পূর্ণ নিদায়, নির্দোষ অবস্থায় আমাদের খাস দখলে থাকাকালিনঅত্রদলিল বলে আপনাকে বিক্রয় করতঃ খাস দখল প্রদানে উহা হইতে আমরা মায় ওয়ারিশানগনক্রমে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

আমাদের উপরোক্ত উক্তি সমূহের মধ্যে কোন উক্তি মিথ্যাবা অসত্য কথা বলিয়া প্রকাশ পায় তজ্জন্য আমরা মাফিক আইন আমলে আসিতে বাধ্য রহিলাম। অন্যথায় আপনার দেয় মূল্যের সমুদয় টাকা মায় ক্ষতি খেসারতাদি সহ এককালিন ফেরৎ দিতে বাধ্য রহিলাম ও রহিবে।

অত্র দলিল সহ গ্রথিত নকসায় প্রদর্শিত বিক্রীত সম্পত্তি সংলগ্ন দক্ষিণ দিকস্থ ১৬' প্রশস্ত সি, এম, সি রাস্তার এবং পূর্ব্ব দিকস্থ ৪' প্রশস্তকমন প্যাসেজের উপর দিয়া অবাধে যাতায়াত করিতে পারিবেন এবংউহার উপর ও তলদেশ দিয়া নিজ খরিদা সম্পত্তিতে ইলেকট্রিক, জলকলের কানেকশান, ড্রেন ইত্যাদি প্রয়োজনীয় যাবতীয় কার্য্যাদি ওয়ারিশানগনক্রমে আপনি করিয়া লইতে পারিবেন।

কলিকাতাকর্পোরেশানে বা অন্যান্য অফিসে আপনার নাম পত্তনের আবশ্যকে আমরা আপনার অনুরোধে সহিসাবুদ করিয়া দিতে সম্মত রহিলাম ও রহিবে।

যদি ভবিষ্যতে অত্রদলিলে কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তজ্জন্য কোন সংশোধন দলিলকরিবারআবশ্যকে আমরা বিনাপণে, আপনার খরচায় ও তলবে উহার

Scanned with OKEN Scanner

সংশোধন দলিল রেজেষ্ট্রী করিয়া দিতেবাধ্য রহিলাম ও রহিবে ।

এতদর্থে সুস্থ শরীরে, সরলমনে, স্বেচ্ছায়, সুজ্ঞানে, অত্রদলিল পাঠ করিয়া উহার মর্ম্ম সম্যক অবগত হইয়া ও মূল্যের সমুদয় টাকা নিম্ন জায়মত গ্রহন করিয়া আপনার নাম বরাবর অত্র কোবালা দলিল সহি সম্পাদন করতঃ রেজেষ্ট্রী করিয়া দিলাম। ইতি তাং ইংরাজী ২০০১ সালের ৩০শে এপ্রিল - বাংলা ১৪০৮ সনের ১৭ই বৈশাখ

: তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-

---

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা সদর টালিগঞ্জ হাল থানা কসবা, সাব রেজেষ্ট্রী অফিস সাবেক আলিপুর হাল শিয়ালদহ, অত্র জেলা কালেক্টারির ১০- ১৩ নং তৌজিভুক্ত পরগণা- খাসপুর, বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১০৪ নং ওয়ার্ড ভুক্ত ৭৮ নং গড়ফা , শীতলা মন্দির রোড, কলিকাতা ৭৫ প্রেমিসেস স্থিত এবং পোষ্টাল ঠিকানা ১৭/এ গড়ফা শীতলা মন্দির রোড ভুক্ত জে :এল: নং ১১, রে : সা: নং ২, মৌজা- গড়ফা গ্রামে অবস্থিত হাল রিভিসন্যাল জরিপের ৩৫ এবং ১২৬৬ নং খতিয়ানের ৭৫১ (সাতশত একান্ন ) নং দাগস্থিত দলিল গর্ভে বর্ণিত মোতাবেক আমাদের প্রাপ্ত হস্তান্তর অবশিষ্ট অত্রদলিল সাথ গ্রথিত নক্সায় লাল রংয়ের রেখার দ্বারা প্রদর্শিত কমবেশ ১ (এক) কাঠা ৮ (আট ) ছটাক ৫ (পাঁচ ) বর্গফুট বাস্ত জমি জমা যায় তদুপরিস্থিত ১০'' ইটের দেওয়াল ও টিনের ছাউনী বিশিষ্ট ১৫০ বর্গফুট পরিমিত গৃহাদী সহ সম্পত্তি যায় সংলগ্ন রাস্তারএবং কমন প্যাসেজের সববিধ ইজমেন্ট সত্বাদি সহ অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে । দলিল সাথ গ্রথিত নক্সা দলিলের একাংশ গণ্য হইবে ।

Scanned with OKEN Scanner

অজিত কুমার দত্তর
অনিল দত্ত



উহার এ্যাসেসী নং ৩১- ১০৪- ১৯- ০০৭৮- ০ হইতেছে ।

---

উহার চৌহদ্দিদ :-

উত্তর :- শ্রী বিপিন হাজরা মহাশয়ের বাড়ী ।

দক্ষিণ:- ১৬´ প্রশস্ত সি,এম,সি রাস্তা ।

পূর্ব্ব :- ৪´ প্রশস্ত প্যাসেজ ।

পশ্চিম :- অত্র দাতাদ্বয়ের বাড়ী ।

: টাকার জায় :-

| | |
|---|---|
| ইংরাজী ১৬।১২।২০০০ তারিখে নগদে দেয় - - - | ১,০০,০০০•০০ টাকা |
| ইংরাজী ১৪।২।২০০১ তারিখে নগদে দেয় - - - | ১,০০,০০০•০০ টাকা |
| ইংরাজী ২০।৩।২০০১ তারিখে নগদে দেয় - - - | ৫০,০০০•০০ টাকা। |
| অদ্যরোজ নোটে ও নগদে দেয় - - - - - - - | ৫০,০০০•০০ টাকা |
| সর্ব্বমোট - | ৩,০০,০০০•০০ টাকা । |

সবনগে তিন লক্ষ টাকা মাত্র বুঝিয়া পাইলাম। অজিত কুমার দত্তর
অনিল দত্ত

ইসাদী :

১/ Santanu Ghosh.
14.B. Jahurabazar Lane, Cal-42.

2/ Arun Sarkar
11/C. Charak Ave.
Cal-75

মুসাবিদাকারক :-

Bimal K. Lahiri
Advocate
Alipur Judges Court
Cal-27.

টাইপকারক :-

শ্রী শৈলেন সানা

শ্রী শৈলেন সানা

আলিপুর, কলিকাতা ২৭।

Book No I
Volume No 91
Pages ... To 44
Being No 3747
For the year 2001

Dist. Sub-Registrar III
Alipore, South 24-Parganas

30/5/2001

Dist. Sub-Registrar III
Alipore, South 24-Parganas

24/7/2001